

প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষার ফলাফল প্রকাশ করুন

২০১৪ সালের সেপ্টেম্বর মাসে প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তিতে আবেদন করা দরখাস্তে এখনও পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। সরকারি বা আধা সরকারি অন্য সব অফিস-আদালতের নিয়োগ বিজ্ঞপ্তিতে এবং নিয়োগ পরীক্ষাসংক্রান্ত কোনো সমস্যা না হলেও এই প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ও খাতা মূল্যায়নে সবচেয়ে বেশি সময় নেওয়া হচ্ছে। এদিকে প্রত্যেকদিন খবরের কাগজে বাংলাদেশে প্রত্যন্ত অঞ্চলে প্রাথমিক শিক্ষক শূন্যতার খবর পাওয়া যাচ্ছে। এ পরীক্ষায় প্রথম ফাঁসের আশঙ্কায় দেশের সবগুলো জেলায় একসঙ্গে পরীক্ষা নেওয়া হয় না। ১৫/১৬ জেলাভিত্তিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ রকম হলেও তো ১৫ দিনেই পরীক্ষা সম্পন্ন করা সম্ভব; সেখানে বছরের পর বছর কেন?

যা হোক, যেহেতু এই শিক্ষক নিয়োগ পরীক্ষাটা হয় এমসিকিউ পদ্ধতিতে ও এমআর শিটে; অতএব পরীক্ষা নেওয়া এবং খাতা মূল্যায়নের সময় সর্বোচ্চ ১০ দিনই যথেষ্ট হওয়ার কথা। অনর্থক দীর্ঘ সময় নিয়ে বারবার এ মন্ত্রণালয় বিভিন্ন প্রশ্নের সম্মুখীন হচ্ছে কেন? বর্তমান যুগে যেখানে ভর্তি পরীক্ষাগুলোর ফলাফল ১২/২৪ ঘণ্টায় প্রকাশ করা হয়; সেখানে গণশিক্ষা মন্ত্রণালয়ের এ অবস্থা কেন? অতএব প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কাছে নিবেদন করছি—২০১৫ সালের মধ্যেই সব প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা তথা চূড়ান্ত ফলাফল প্রকাশ করে ২০১৬ সালে নতুন নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হোক।

আলমগীর কবির,
জেড হাউজ, ৬/৬
ব্লক এফ, লালমাটিয়া,
মোহাম্মদপুর, ঢাকা ১২০৭